বিশ্বকাপের প্রীতি ম্যাচে কোস্টারিকাকে ২-০ গোলে হারাল ইংল্যান্ড।

মাঠে - ময়দানে

বিশ্বকাপের প্রীতি ম্যাচে উজবেকিস্তানকে ৩-০ গোলে হারাল উরুগুয়ে।

অনূর্ধ্ব-১৯ ভারতীয় দলে অর্জুন তেন্ডুলকর

নয়াদিল্লি, ৮ জুন: প্রথমবার ভারতীয় দলে সুযোগ পেলেন কিংবদন্তি ক্রিকেটার শচীন তেন্ডুলকরের ছেলে অর্জুন। শ্রীলঙ্কা সফরে অনূর্ধ্ব-১৯ দলে সুযোগ পেয়েছেন তিনি। ভারতীয় দল শ্রীলঙ্কা সফরে দুটি চারদিনের ম্যাচ খেলবে। সেই দলেই আছেন ৬ ফুট উচ্চতার বাঁ হাতি পেসার অর্জুন। কোচবিহার ট্রফিতে পাঁচটি ম্যাচ খেলে আট উইকেট নেন অর্জুন। মধ্যপ্রদেশের বিরুদ্ধে ম্যাচে ৯৫ রান দিয়ে ৫ উইকেট নেন তিনি। বিসিসিআই সূত্রের খবর, উইকেটপ্রাপকদের তালিকায় ১৫ নম্বরে থাকলেও, যে বোলাররা ১৫ বা তাঁর বেশি উইকেট নিয়েছেন, তাদের মধ্যে একমাত্র অর্জুনের বলেই গতি আছে। তাই তাকে ভারতীয় দলে নেওয়া হয়েছে। শচীনের ঘনিষ্ঠ বন্ধু জাতীয় দলের প্রাক্তন পেসার সুব্রত বন্দ্যোপাধ্যায়ের কাছে প্রশিক্ষণ নিয়েছেন অর্জুন। এর আগে তিনি ভারতীয় দলে নেটে বোলিং করেছেন। ধরমশালায় বিসিসিআই আয়োজিত পেসারদের শিবিরেও যোগ দিয়েছিলেন তিনি। এবার জাতীয় দলের হয়ে খেলতে দেখা যাবে তাঁকে।

অবসরকালীন ভাতা দ্বিগুণ করার ঘোষণা ক্রীড়ামন্ত্রকের

নয়াদিল্লি, ৮ জুন: অলিম্পিক, প্যারা অলিম্পিক, এশিয়ান গেমসের মতো আন্তর্জাতিক প্রতিযোগিতাগুলিতে পদকজয়ীদের অবসরকালীন ভাতা দ্বিগুণ করার কথা ঘোষণা করল ক্রীড়ামন্ত্রক। এখন থেকে অলিম্পিকে পদকজয়ী অ্যাথলিটরা প্রতি মাসে ২০,০০০ টাকা করে পাবেন। প্যারালিম্পিকে পদকজয়ীরাও একই পরিমাণ অর্থ পাবেন। বিশ্ব চ্যাম্পিয়নশিপ বা এশিয়ান গেমসে সোনাজয়ী অ্যাথলিটরা প্রতি মাসে ১৬,০০০ টাকা, রুপো জয়ীরা ১৪,০০০ টাকা এবং ব্রোঞ্জজয়ীরা ১২,০০০ টাকা করে পাবেন। ক্রীড়ামন্ত্রকের পক্ষ থেকে একটি সাংবাদিক সম্মেলনে এই ভাতা দ্বিগুণ করার কথা ঘোষণা করা হয়েছে।



বিশ্বকাপের প্রীতি ম্যাচে আলজেরিয়াকে ৩-০ গোলে হারাল পর্তুগাল। পর্তুগালের হয়ে দুটি গোল করেন গোনসালো। গোল না পেলেও ভাল খেলেন পর্তুগাল অধিনায়ক ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

ঘানার কাছে আটকে গেল আইসল্যান্ড

রেকজাভিক, ৮ জুন : রাশিয়া বিশ্বকাপের মূলপর্বে নামার আগে শেষ ম্যাচেও সেরকম ভাল খেলতে পারল না প্রথমবার বিশ্বকাপে খেলার সুযোগ পাওয়া দল আইসল্যান্ড। শেষ তিনটি প্রীতি ম্যাচে বরফের দেশের ফুটবলারদের পারফরম্যান্স ছিল বেশ হতাশার। মেক্সিকোর কাছে ০-৩ গোলে হারার পর, পেরুর বিরুদ্ধে ১-৩ গোলে হারে আইসল্যান্ড। এরপর নরওয়ের বিরুদ্ধে লড়াই করলেও শেষ পর্যন্ত ২-৩ গোলে হারতে হয় তাদের। বিশ্বকাপের মূলপর্বে খেলার আগে নিজেদের শেষ প্রীতি ম্যাচে ভাল লড়াই করলেও ম্যাচ ড্র করেই সন্তুষ্ট থাকতে হল তাদের। আইসল্যান্ড ও ঘানার ম্যাচটি ড্র হল ২-২ গোলে। ঘরের মাঠে ঘানার বিরুদ্ধে ম্যাচের শুরু থেকেই ভাল খেলতে থাকে আইসল্যান্ড। যার ফলে ম্যাচের ৬ মিনিটে ক্যারি আরনাসনের গোলে এগিয়ে যায় আইসল্যান্ড। এরপর ম্যাচের ৪০ মিনিটে আলফ্রেড ফিনবোগাসনের গোলে ব্যবধান দ্বিগুণ করে তারা। প্রথমার্ধের শেষে তারা এগিয়ে ছিল ২-০ গোলে। তবে প্রথমার্ধটা যদি আইসল্যান্ডের হয়, দ্বিতীয়ার্ধটা ছিল ঘানার। দ্বিতীয়ার্ধের শুরু থেকেই বারবার আক্রমণ করতে থাকে ঘানার ফুটবলাররা। আর এর ফলস্বরূপই ম্যাচের ৬৬ মিনিটে কাসিম অ্যাডামস নুহুর গোলে ব্যবধান কমায় আফ্রিকার দেশ ঘানা। এরপর ৮৭ মিনিটে টমাস টেই পারটের গোলে সমতা ফেরায় তারা। শেষ পর্যন্ত আর কোনও দলই গোল করতে না পারায় ম্যাচ শেষ হয় ২-২ গোলে। গ্রুপ 'ডি' থেকে আইসল্যান্ড তাদের প্রথম ম্যাচ খেলবে আগামী ১৬ জুন কঠিন প্রতিপক্ষ আর্জেন্টিনার বিরুদ্ধে। তাদের বাকি দুটি ম্যাচ হল ২২ জুন নাইজেরিয়া ২৬ জুন ক্রোয়েশিয়ার বিরুদ্ধে। ফলে দ্বিতীয় রাউন্ডে উঠতে হলে তাদের বেশ কঠিন লড়াইয়েরই সম্মুখীন হতে হবে। এখন দেখার প্রীতি ম্যাচের ব্যর্থতা ভুলে বিশ্বকাপের মূলপর্বে আইসল্যান্ড নিজেদের সেরা পারফরম্যান্সটা তুলে ধরতে পারে কি না।

নতুন রেকর্ড গড়লেন সাকিব

উত্তরাখণ্ড, ৮ জুন: আফগানিস্তানের বিরুদ্ধে শেষ টেস্টে হেরে হোয়াইটওয়াশ হয়েছে বাংলাদেশ। তবে দলের এই লজ্জার দিনে বিরল এক রেকর্ড গড়লেন বাংলাদেশের অধিনায়ক সাকিব-আল-হাসান। তৃতীয় ক্রিকেটার হিসাবে আন্তর্জাতিক ক্রিকেটে ৫০০ উইকেট ও ১০ হাজার রানের 'ডাবল' মাইলফলক স্পর্শ করলেন বিশ্বের অন্যতম সেরা এই অলরাউন্ডার। এর আগে দক্ষিণ আফ্রিকার জ্যাক ক্যালিস ও পাকিস্তানের শাহিদ আফ্রিদিই এই রেকর্ড স্পর্শ করতে পেরেছিলেন। ভারতের রাজীব গান্ধি আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে আফগান নজিবুল্লাহ জাদরানকে আউট করে আন্তর্জাতিক কেরিয়ারে ৫০০ তম উইকেটে পান ৩১ বছরের সাকিব। আর শাহিদ আফ্রিদির এই 'ডাবল' মাইলফলক ছোঁয়ার রেকর্ড থাকলেও দু'জনেই ৫০০-র বেশি আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন। অন্যদিকে ৩০২ টি ম্যাচ খেলেই সাকিব এই রেকর্ড গড়েছেন। ফলে ম্যাচের হিসাবে সাকিব শীর্ষস্থানে রয়েছেন। যদিও বাংলাদেশের ক্রিকেট দলের সাকিব-আল-হাসানের এই কীর্তিটাই একমাত্র প্রাপ্তি।

বিরক্ত ববিতা

হরিয়ানা, ৮ জুন: রাজ্যের ক্রীড়াবিদরা যেখানেই খেলতে যান না কেন, সেখান থেকে আয়ের এক তৃতীয়াংশ সরকারকে দিতে হবে। যা রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর উন্নতিতে ব্যবহার করা হবে। যে সমস্ত ক্রীড়াবিদরা সরকারি চাকরি করেন, তাদের ক্ষেত্রেই এই নির্দেশ প্রযোজ্য। রাজ্য সরকার বা সরকার নিয়ন্ত্রিত সংস্থায় যে সমস্ত ক্রীড়াবিদরা চাকরি করেন, তাদের পেশাদার খেলা থেকে উপার্জিত কিংবা বিজ্ঞাপন থেকে প্রাপ্ত অর্থের এক তৃতীয়াংশ জমা করতে হবে হরিয়ানা রাজ্য ক্রীড়া দফতরের অফিসে। এই নির্দেশকার পড়েই অনেক ক্রীড়াবিদই আপত্তি তুলেছেন। কুস্তিগির ববিতা ফোগট বলেছেন, সরকার এটা বুঝতে পারছে না যে একজন ক্রীড়াবিদকে কতটা পরিশ্রম করতে হয়। তারপরেও কীভাবে আয়ের এক তৃতীয়াংশ চাওয়া হয়। আমি এটা সমর্থন করছি না। সরকারের উচিত ছিল আগে আমাদের সঙ্গে আলোচনা করে নেওয়া।

ফরাসিদের ভরসা গ্রিজম্যান, পোগবা

বিশ্বকাপে অন্যতম ফেভারিট ফ্রান্স

রাশিয়া, ৮ জুন: ১৯৯৮ সালের ১৪ জুলাই প্রথমবার বিশ্বকাপ জয় ফ্রান্সের। এরপর গঙ্গা দিয়ে বহু জল গড়ালেও বিশ্ব শেতাব আর ঘরে তুলতে পারেনি ফরাসিরা। দীর্ঘ কুড়ি বছরের খরা কাটিয়ে এবার ফের বিশ্ব জয়ের স্বপ্ন দেখছেন ফ্রান্স কোচ ডেসচ্যাম্পস। আপাতত রাশিয়া বিশ্বকাপের জন্য কঠোর অনুশীলনে মগ্ন ফরাসি দল। এবার রাশিয়া বিশ্বকাপে যে পাঁচটি দেশকে সম্ভাব্য চ্যাম্পিয়ন হিসাবে ভাবা হয়েছে তাদের মধ্যে অন্যতম দেশ হল ফ্রান্স। এবারের ফরাসি দলের প্রতিভার প্রাচুর্যে ভরা। লাতিন আমেরিকায় ব্রাজিল এবং আর্জেন্টিনা, কোপা আমেরিকা কাপ সহ ফিফা বিশ্বকাপ, অলিম্পিক ফুটবলে সোনা এবং ফিফা কনফেডারেশন কাপ তিনটিতেই শেতাব জয় করেছে। এই রেকর্ড একমাত্র ইউরোপে রয়েছে জার্মানি আর ফ্রান্সের। ১৯৮৪ সালে মিশেল প্লাতিনির অধিনায়কত্বে প্রথমবার ইউরো কাপে চ্যাম্পিয়ন হয়েছিল ফ্রান্স। সেবার লস অ্যাঞ্জেলেস অলিম্পিকে ফুটবলেও সোনা জিতেছিল ফ্রান্স। এরপর ১৯৯৮ সালে ঘরের মাঠে বিশ্বকাপে চ্যাম্পিয়ন হবার পাশাপাশি ২০০০ সালে ইউরো চ্যাম্পিয়ন হয়েছিল ফরাসিরা।

বিশ্বকাপ জয়ের পর ইউরো কাপ জয়। এই রেকর্ড অন্য কোনও দেশের নেই। এবারের বিশ্বকাপে গ্রুপ অন্যতম দাবিদার। ২০১৬র ইউরো কাপের ফাইনালে উঠেও পর্তুগালের কাছে হারতে হয়েছিল ফরাসিদের। তবে সেই হার ভুলে এবার রাশিয়া বিশ্বকাপে চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্য ফরাসি কোচ ডেসচ্যাম্পসের। আর বিশ্বকাপ চ্যাম্পিয়ন হতে ফ্রান্স কোচের ভরসা ঘুগো লরিস, রাফায়েল ভারানে, পল পোগবা, টমাস লেমার গ্রিজম্যান, ডেম্বলেদের উপরে।

ইব্রাকে স্পর্শ করলেন সুনীল ছেত্রী

মুম্বই, ৮ জুন : ইন্টারকন্টিনেন্টাল কাপের তৃতীয় ম্যাচে নিউজিল্যান্ডের বিরুদ্ধে গোল করে নতুন রেকর্ড করলেন ভারত অধিনায়ক সুনীল ছেত্রী। কিউয়িদের বিরুদ্ধে গোল করার পরই সুইডেনের প্রাক্তন অধিনায়ক ইব্রাহিমোভিচের ৬২ টি গোল করার রেকর্ড স্পর্শ করলেন সুনীল। ১১৬ টি আন্তর্জাতিক ম্যাচ খেলে ৬২ টি গোল করেছেন ইব্রা। আর ৬২ টি গোল করতে সুনীল নিলেন ১০১ টি ম্যাচ। সুনীল ছেত্রীর সামনে রয়েছেন আর্জেন্টিনার তারকা ফুটবলার অধিনায়ক লিওনেল মেসি। ১২৪ টি ম্যাচ খেলে মেসি করেছেন ৬৪ টি গোল। ফলে মেসিকে টপকে যাওয়ার সুযোগ রয়েছে ভারত অধিনায়কের কাছে। সম্প্রতি ভারতের হয়ে দুরন্ত ফর্মে রয়েছেন ছেত্রী।

চাইনিজ তাইপের বিরুদ্ধে ভারতের ৫-০ গোলে জয়ের দিনে হ্যাটট্রিক করেছিলেন সুনীল। এরপর নিজের শততম আন্তর্জাতিক ম্যাচে ভারতের ৩-০ গোলে জয়ের ক্ষেত্রে বড় অবদান রাখেন তিনি। শততম ম্যাচে হ্যাটট্রিক করে ম্যাচটিকে স্মরণীয় করে রাখেন। শুধু তাই নয় স্পেনের সর্বোচ্চ গোলদাতা দাভিদ ভিয়ার ৫৯ টি গোলের রেকর্ডও ছাপিয়ে যান। এবার ৬২ টি গোল করে ইব্রার রেকর্ড স্পর্শ করলেন তিনি। আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলদাতা ইরানের আলি দাই। ১৪৯ টি ম্যাচ খেলে ১০৯ টি গোল করেছিলেন তিনি। আর বর্তমান সময়ের ফুটবলারদের মধ্যে সর্বোচ্চ গোলদাতা পর্তুগালের অধিনায়ক ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। ১৪৯ ম্যাচে রোনাল্ডোর গোলসংখ্যা ৮১ টি। দ্বিতীয় স্থানে রয়েছেন লিওনেল মেসি আর ভারত অধিনায়ক সুনীল ছেত্রী রয়েছেন তৃতীয় স্থানে। ভারত তাদের পরবর্তী ম্যাচ খেলবে আগামী ৫ সেপ্টেম্বর ২০১৮ সাফ চ্যাম্পিয়নশিপে শ্রীলঙ্কার বিরুদ্ধে। এরপর একই টুর্নামেন্টেই ৯ সেপ্টেম্বর মলডীপের বিরুদ্ধে খেলবে তারা। ফলে বেশ কয়েকমাস পর আন্তর্জাতিক ফুটবলে আবার নতুন রেকর্ড গড়তে মাঠে নামবেন ভারত অধিনায়ক।

বিশ্বকাপে চ্যাম্পিয়ন করতে ইংল্যান্ডের ভরসা হ্যারি-মাকার্স

রাশিয়া, ৮ জুন: বিশ্বকাপ ফুটবলে সেভাবে সাফল্য নেই ইংল্যান্ডের। আর এ নিয়ে ব্রিটিশ সমর্থকদের ক্ষোভ বরাবরই। তবে এবার ইংল্যান্ডকে স্বপ্ন দেখাচ্ছেন দুই তরুণ ফুটবলার হ্যারি কেন এবং মাকার্স র‍্যাশফোর্ড।

বিশ্বকাপের আসরে প্রতিবারই ইংল্যান্ড দলকে নিয়ে স্বপ্ন দেখেন ব্রিটিশ সমর্থকেরা। আর প্রতিবারই সেই স্বপ্নে আঘাত পান ইংল্যান্ড সমর্থকেরা। তাই এবার বিশ্বকাপ শুরু হওয়ার আগে থেকেই হঠাৎই প্রবল ক্ষোভ ব্রিটিশ সমর্থকদের মধ্যে। তবে দল নিয়ে যতটা চিন্তিত তার চেয়ে সমর্থকরা বেশি চিন্তিত রাশিয়ায় অনুষ্ঠিত বিশ্বকাপের ম্যাচ নিয়ে। সত্যি কথা বলতে কী ইংল্যান্ড সমর্থকদের মতো সমর্থক সারা বিশ্বে আছে কি না তা বেশ সন্দেহ আছে। বিশ্বের যে প্রান্তে খেলা হোক না কেন, বহু সমর্থক ঠিক ম্যাচের আগে পৌঁছে যাবেন ইংল্যান্ডের ম্যাচ দেখতে। কিন্তু এবার রাশিয়াতে কি সেই সমর্থন দেখতে পাওয়া যাবে? প্রশ্ন উঠেছে রাশিয়াতে ম্যাচ দেখা নিয়ে। তবে তা নিয়ে নয়, ইংল্যান্ড সমর্থকরা স্বপ্ন দেখার শুরু করেছেন কাপ জয়ের। একটার পর একটা বিশ্বকাপ আসছে আর যাচ্ছে, কিন্তু তারপর? কখনও কোয়ার্টার ফাইনাল থেকে বিদায়, কখনও বা গ্রুপ পর্ব থেকে ছিটকে যাওয়া।

একটার পর একটা বিশ্বকাপ আসছে আর যাচ্ছে, কিন্তু ইংল্যান্ড সমর্থকদের কাছে কোনও বিশ্বকাপই আর সুখের হয়ে উঠছে না। ২০০২ এবং ২০০৬ দুটো বিশ্বকাপেই দুরন্ত দল ছিল ইংল্যান্ডের। কিন্তু দু'বারই তারা ব্যর্থ হয়েছে। ২০০২'র বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে ব্রাজিলের কাছে হার ইংল্যান্ডের। আর ২০০৬'র বিশ্বকাপে সেমিফাইনালে ইংল্যান্ডের হার পর্তুগালের কাছে। শেষ দুটি বিশ্বকাপের রেকর্ড তো আরও খারাপ। তবে সেই রেকর্ড এবার হয়তো মুছে যাবে বলে ধারণা ফুটবল প্রেমীদের। সত্যি কথা বলতে কী এবার ইংল্যান্ডকে বিশ্বকাপ জয়ের স্বপ্ন দেখাচ্ছেন দুই তরুণ ফুটবলার হ্যারি কেন এবং মাকার্স র‍্যাশফোর্ড। হ্যারি কেনের বয়স মাত্র ২৪ বছর হলেও তাঁর পায়ের জাদু বিশ্বকাপে এবার ইংল্যান্ডকে খেতাব জয়ের স্বপ্ন দেখাচ্ছে। পারফরম্যান্সের বিচারে এবার ইংল্যান্ড দলের অধিনায়ক করা হয়েছে হ্যারি কেনকে। হ্যারি কেনের নেতৃত্বে ইংল্যান্ড শেষপর্যন্ত বিশ্ব খেতাব ঘরে তুলতে পারে কি না, তা অবশ্য সময়ই বলবে। তবে হ্যারি কেনের উপরেই ভর করে যে ইংল্যান্ড কাপ জয়ের স্বপ্ন দেখছে তা কিন্তু বলা যেতেই পারে।

বিশ্বকাপ খেলা দলের সঙ্গে প্রস্তুতি ম্যাচ খেলবেন সুনীলরা

স্টাফ রিপোর্টার: ২০১১ সালের পর এই প্রথম এশিয়া কাপ খেলছে ভারতীয় ফুটবল দল। বাছাই পর্বে সুনীল ছেত্রীদের দুর্দান্ত পারফরম্যান্সের পর অনেকেই আশাবাদী এশিয়া কাপে ভাল কিছু করে দেখাবে স্টিফেন কনস্ট্যান্টাইনের দল। তাই ভারতীয় দলের প্রস্তুতিতে কোনও খামতি রাখতে চাইছে না এআইএফএফও।

ইন্টারকন্টিনেন্টাল কাপের আয়োজন করা হয়েছিল এশিয়া কাপের প্রস্তুতির জন্যই। আর ইন্টার কন্টিনেন্টাল কাপের সব ম্যাচেই আধিপত্যের সঙ্গে জিতেছে ভারত। আর প্রথম দুটি ম্যাচে রীতিমতো দাপটের সঙ্গে খেললেও শেষ ম্যাচে হারেন জেজে, সুনীলরা।

তিন ম্যাচে ভারত করেছে ১১টি গোল, হজম করেছে ২টি গোল। তবে কেনিয়া বা চাইনিজ তাইপের বিরুদ্ধে এই জয়কে অনেকেই খুব একটা বড় করে দেখতে চাইছেন না। সমালোচকদের একাংশ বলেছেন ফিফা র‍্যাঙ্কিংয়ে ভারতের থেকে অনেকটা পিছিয়ে থাকা এই দলগুলির বিরুদ্ধে বড় জয়টাই প্রত্যাশিত সুনীলদের কাছ থেকে। প্রস্তুতির জন্য ভারতের উচিত কঠিন প্রতিপক্ষের বিরুদ্ধে খেলা। এবার সেই ব্যবস্থাও করতে চাইছে ফেডারেশন।

ফেডারেশন সূত্রের খবর, আগামী ৫ নভেম্বর মাসে দুটি বড় দলের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচ খেলবে ভারত। অক্টোবরে ঘরের মাঠে সুনীল ছেত্রীরা খেলতে পারেন সিরিয়ার বিরুদ্ধে। এই মুহূর্তে ফিফা র‍্যাঙ্কিংয়ে সিরিয়া রয়েছে ৭৬তম স্থানে। অর্থাৎ ভারতের থেকে ২১ ধাপ উপরে। দ্বিতীয় প্রীতি ম্যাচ ভারতের খেলার কথা এবারের বিশ্বকাপে সুযোগ পাওয়া সৌদি আরবের বিরুদ্ধে। এই মুহূর্তে সৌদি আরবের স্থান ৬৭, অর্থাৎ ভারতের থেকে ৩০ ধাপ উপরে। শুধু তাই নয়, এশিয়া কাপের প্রস্তুতির জন্য ডিসেম্বরের শুরুর দিকে আই লিগ এবং আইএসএলে বেশ কিছুদিন খেলা বন্ধ রাখার কথা ভাবছে এআইএফএফ। ডিসেম্বরের শেষের দিকেই এশিয়া কাপের জন্য উড়ে যাবে ভারতীয় ফুটবল দল। সংযুক্ত আরব আমিরশাহিতেও দুটি প্রস্তুতি ম্যাচ খেলবেন সুনীল ছেত্রীরা। সাম্প্রতিক ম্যাচগুলিতে লাগাতার জয়ের সরণিতে ভারত। ৭ বছর পর এশিয়া কাপে সুযোগ পাওয়াটাও সেই ভাল খেলার ফলেই। তাই মহাদেশীয় টুর্নামেন্ট খেলার আগে প্রস্তুতিতে কোনও ত্রুটি রাখতে রাজি নয় এআইএফএফএ। আগামী ৬ জানুয়ারি শুরু হচ্ছে এশিয়া কাপ। ভারতের গ্রুপে রয়েছে আয়োজক সংযুক্ত আরব আমিরশাহী, বাহারিন এবং থাইল্যান্ড।

প্রকাশক পার্থ কুণ্ডু কর্তৃক পি-১১, সি. আই. টি. রোড, স্কিম - এল ভি, কলকাতা-১৪ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ৮১ নীলগঞ্জ রোড, কলকাতা-৭০০ ১০৯ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● কার্যনির্বাহী সম্পাদক : দেবাংশু চক্রবর্তী ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য সম্পাদক : আশিস্ লাহা